দৈনিক খবর

তারিখ ... 29 JUN 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

# চট্টগ্রাম ভার্সিটি সিন্ডিকেটের আজ সভা ঃ কড়া নিরাপত্তা

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২৮শে জুন।– চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামীকাল শনিবার সিন্ডিকেট সভা আহবান করেছে। এ উপলক্ষে সর্বোচ্চ নিরাপত্তামূলক ব্যবস্থা নেয়া হয়েছে। ইতিপূর্বে কয়েকবার উদ্যোগ নিয়েও

২–এর পাতায় দেখুন

# চট্টগ্রাম ভার্সিটি

প্রথম পৃষ্ঠার পর

ছাত্র শিবিরের বিরোধিতার মুখে কর্তৃপক্ষ সিন্ডিকেট সভা করতে পারেনি। কাল সিন্ডিকেট ও ফাইন্যান্স কমিটির যৌথ সভায় বিশ্ববিদ্যালয়ের বাজেট পেশ করা হবে। সিন্ডিকেটের অপর একটি সভায় কাল বিভিন্ন বিষয় আলোচনা ও সিদ্ধান্ত নেয়া হবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষক পরিষদের আজ এক সভায় বলা হয়, কতিপয় শিক্ষক বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী গোষ্ঠীকে মদদ যোগানোর জন্যে তাদের সাথে বার বার যৌথ কর্মসূচী ঘোষণা করে আসছেন। এরা আগামীকালের সিন্ডিকেট সভা বানচালের ষড়যন্ত্র করছেন। বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত এ সভায় অধ্যাপক ফজলী হোসেন সভাপতিত্ব করেন। শিক্ষকদের মধ্যে হুজ্জত আলী প্রামাণিক, হামিদা বানু, এ এম এম শরফুদ্দিন, বেনু প্রসাদ বড়ুয়া, ইরশাদ কামাল খান, আবদুর রশীদ, মমতাজ উদ্দিন পাটওয়ারী, আবদুল মান্নান, আবদুল হাই ঢালী, মনজুর মোরশেদ মাহমুদ, ফসিউল আলম, রনজিৎ শর্মা ও আনোয়ারুল আজিম আরিফ বক্তব্য রাখেন। তারা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার স্বাভাবিক পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে সরকার, গণতন্ত্রমনা রাজনৈতিক দল, অভিভাবক, ছাত্র-ছাত্রীসহ সবাইকে এগিয়ে আসার আহবান জানান। আগামীকাল সকাল সাড়ে ৯টা পর্যন্ত সভা মুলতবী রাখা হয়।

বিশ্ববিদ্যালয় শাখা ইসলামী ছাত্র শিবিরের আজ এক জরুরী সভায় বলা হয়, বিতর্কিত ভিসি কর্তৃক সিন্ডিকেট সভা আহবান ষড়যন্ত্রমূলক। সভায় এর নিন্দা ও প্রতিবাদ জানানো হয়। এই সভা অনুষ্ঠান থেকে বিরত থাকার জন্যে সভায় ভিসির প্রতি আহবান জানানো হয়। শিবির সমর্থিত সংগ্রামী ছাত্র ঐক্য সিন্ডিকেট সভা আহবানের প্রতিবাদে আজ শহরে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে। গনি বেকারী মোড়ে অনুষ্ঠিত সমাবেশে এইচ এম মুজাম্মিল সভাপতিত্ব করেন। সম্মিলিত ছাত্র ঐক্য পরিষদের এক বিবৃতিতে সিন্ডিকেট সভা আহবানের প্রতিবাদ জানিয়ে বলা হয়েছে, বর্তমানে ভিসির অধীনে কোন সিদ্ধান্ত সঠিক ও নিরপেক্ষ হতে পারে না। জসিম উদ্দিন ও শফিকুল ইসলাম বিবৃতিটি দিয়েছেন।